

স্বাধীনতার ৫০ বছরের অনুপ্রেরণায়

# The Daily Star মুক্তিবুদ্ধ অলিম্পিয়াড

বুদ্ধি খাটাই, ইতিহাস জানি, ইতিহাস জানাই

সহযোগিতায় **efood**

বিশ্ববিদ্যালয় ক্যাটাগরির প্রশ্ন ব্যাংক



এই প্রশ্ন ব্যাংকটি শুধুমাত্র "দ্য ডেইলি স্টার মুক্তিযুদ্ধ অলিম্পিয়াড"  
এর অংশগ্রহণকারীদের ব্যবহারের জন্য তৈরি করা হয়েছে।  
দ্য ডেইলি স্টারের অনুমতি ব্যতীত এটির মুদ্রণ বা  
ডিজিটাল মাধ্যমে প্রকাশ করা আইনত দণ্ডনীয়।

**প্রশ্ন: দরুইনের যুদ্ধে শহীদ কোন বীরশ্রেষ্ঠ ?**

উত্তর: মোস্তফা কামাল

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় এ এইচ এম কামারুজ্জামান বাংলাদেশ সরকারের কোন মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী ছিলেন?**

উত্তর: স্বরাষ্ট্র, কৃষি এবং ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রণালয়

**প্রশ্ন: উইলিয়াম এ এস ওডারল্যান্ড একমাত্র বিদেশী যিনি বাংলাদেশের মুক্তিযুদ্ধে প্রত্যক্ষ অবদানের জন্য সরকার কর্তৃক সামরিক খেতাবে ভূষিত হন। তাঁকে কোন খেতাবে ভূষিত করা হয়?**

উত্তর: বীর প্রতীক

**প্রশ্ন: ২০০৭ সালে ভারতের কোন রাজ্য থেকে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের দেহাবশেষ বাংলাদেশে এনে রাষ্ট্রীয় মর্যাদায় সমাহিত করা হয়?**

উত্তর: ত্রিপুরা

**প্রশ্ন: মুক্তিযোদ্ধা কাঁকন বিবি কোন উপজাতি জনগোষ্ঠীর অংশ ছিলেন?**

উত্তর: খাসিয়া

**প্রশ্ন: পার্বত্য চট্টগ্রামের কালুরঘাট বেতার কেন্দ্র থেকে কোন আওয়ামী লীগ নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পক্ষে স্বাধীনতা ঘোষণা পাঠ করেন?**

উত্তর: এম. এ. হান্নান

**প্রশ্ন: ১৯৭০ এর পাকিস্তানের প্রাদেশিক নির্বাচনে আওয়ামী লীগ সংরক্ষিত মহিলা আসনসহ মোট কতটি আসনে জয় লাভ করে?**

উত্তর: ২৯৮

**প্রশ্ন: "বেলুচিস্তানের কসাই" হিসেবে পরিচিত ছিলেন কে ?**

উত্তর: চিক্কা খান

**প্রশ্ন: আমি একজন সাংবাদিকের নাম জানতে চাচ্ছি যিনি ২৫শে মার্চের কালোরাতে হোটেল ইন্টারকন্টিনেন্টালে লুকিয়ে ছিলেন। সামরিক আইনের তোয়াক্কা না করে ২৭ মার্চ তিনি মুক্তিযুদ্ধের সংবাদ সংগ্রহ করে ডেইলি টেলিগ্রাফ পত্রিকায় প্রতিবেদন আকারে প্রেরণ করেন যা "ট্যাংকস ক্র্যাশ রিভোল্ট ইন পাকিস্তান" শিরোনামে ৩০ মার্চ প্রকাশিত হয়। বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের স্বপক্ষে আন্তর্জাতিক অঙ্গনে জনমত সৃষ্টিতে তার এ প্রতিবেদনটি বিশ্বব্যাপী ব্যাপকভাবে সাড়া জাগিয়েছিল। কে তিনি ?**

উত্তর: সাইমন ড্বিং

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ চলাকালীন বাংলাদেশের কোন জেলাকে রাজধানী করে অস্থায়ী সরকার গঠিত হয়?**

উত্তর: চুয়াডাঙ্গা

**প্রশ্ন: ১৯৭১ সালের ১৭ এপ্রিল কুষ্টিয়ার মেহেরপুরে প্রবাসী মুজিবনগর সরকারের মন্ত্রিসভার শপথ গ্রহণ অনুষ্ঠানে স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন কে?**

উত্তর: অধ্যাপক মোহাম্মদ ইউসুফ আলী

**প্রশ্ন: বহুল আলোচিত অপারেশন জ্যাকপট এর সতর্ক সঙ্কেত হিসেবে রেডিও তে প্রচারিত "আমার পুতুল আজকে প্রথম যাবে শ্বশুরবাড়ি" গানটির গায়ক/গায়িকা কে ছিলেন ?**

উত্তর: সন্ধ্যা মুখোপাধ্যায়

**প্রশ্ন:** বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ চলাকালীন সময়ে স্বাধীনতার স্বপক্ষে বিভিন্ন অঞ্চলভিত্তিক সশস্ত্র গেরিলা দল গড়ে ওঠে। এদের মধ্যে কোন গেরিলা দলটি গোপালগঞ্জ, বরিশাল, ফরিদপুর ও মাদারীপুর অঞ্চলে সক্রিয় ছিল ?

উত্তর: হেমায়েত বাহিনী

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধ চলাকালীন ভারতীয় সেনাবাহিনী প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন কে?

উত্তর: শ্যাম মানেকশ

**প্রশ্ন:** দ্য ক্রুয়েল বার্থ অব বাংলাদেশ বইটি রচয়িতা কে ?

উত্তর: আচার ব্লাড

**প্রশ্ন:** ১৯৭১ সালের ডিসেম্বর মাসে পাকিস্তানি হানাদার বাহিনীর পরাজয় যখন প্রায় নিশ্চিত তখন জাতিসংঘের নিরাপত্তা পরিষদে যুদ্ধবিরতির প্রস্তাব উত্থাপন করা হয় যা পাশ হলে বাংলাদেশের স্বাধীনতা ভ্রমকির মুখে পড়ত। ১৫ সদস্য বিশিষ্ট নিরাপত্তা পরিষদের ১১ সদস্য রাষ্ট্র এই যুদ্ধবিরতির পক্ষে ভোট দিলেও সৌভিয়েত ইউনিয়ন ও আরেকটি রাষ্ট্র এর বিরোধিতা করে। রাষ্ট্রটির নাম বলতে হবে।

উত্তর: পোল্যান্ড

**প্রশ্ন:** ১৯৭১ সালে পাকিস্তানি যুদ্ধবিমান তখন ভারতের আকাশসীমায় উড্ডয়ন করতে পারতনা, তাই তারা ভারতের পাশ দিয়ে অপেক্ষাকৃত দীর্ঘ যাত্রাপথে ভ্রমণ করত এবং পার্শ্ববর্তী একটি রাষ্ট্রের বিমানবন্দরে যাত্রাবিরতি করে সেখান থেকে বিমানের জ্বালানি পূর্ণ করে নিয়ে তৎকালীন পূর্ব পাকিস্তান এর উদ্দেশ্যে রওয়ানা দিত। রাষ্ট্রটি কোনটি ?

উত্তর: শ্রীলঙ্কা

**প্রশ্ন:** প্রখ্যাত বাংলাদেশি চলচ্চিত্র পরিচালক, ঔপন্যাসিক, এবং গল্পকার জাহির রায়হান দেশ স্বাধীন হবার পর ১৯৭১ এর ১৭ ডিসেম্বর ঢাকা ফিরে আসেন এবং তার নিখোঁজ ভাইকে খুঁজতে শুরু করেন, যিনি স্বাধীনতার ঠিক আগমুহুর্তে পাকিস্তানি আর্মির দোসর আল বদর বাহিনী কর্তৃক অপহৃত হয়েছিলেন। জাহির রায়হান ভাইয়ের সন্ধান গিয়ে আর ফিরে আসেন নি। সাংবাদিক, লেখক ও বুদ্ধিজীবী হিসেবে সমাদৃত ভাইয়ের নাম বলতে হবে।

উত্তর: শহীদুল্লা কায়সার

**প্রশ্ন:** ১৯৭১ সালের ৭ ডিসেম্বর থেকে ২০ ডিসেম্বর পর্যন্ত ইয়াহিয়া খানের নির্দেশে পাকিস্তানের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন মুসলিম লীগের একজন বাঙালি নেতা। তিনি কে?

উত্তর: নুরুল আমিন

**প্রশ্ন:** দ্বিতীয় ও একাদশ ইস্ট বেঙ্গল রেজিমেন্ট নিয়ে গঠিত হয় কোন ব্রিগেড?

উত্তর: এস ফোর্স

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধকালে বাংলাদেশ সরকারের সর্বদলীয় উপদেষ্টা কমিটির চেয়ারম্যান কে ছিলেন ?

উত্তর: মওলানা আবদুল হামিদ খান ভাসানী

**প্রশ্ন:** তার ক্যামেরায় স্থিরচিত্র হিসেবে ফুঁটে উঠেছিল শহীদ আসাদের শার্টের ছবি। যে ছবি থেকে কবি শামসুর রহমান তার বিখ্যাত 'আসাদের শার্ট' কবিতাটি রচনা করেন। পূর্ব পাকিস্তানের গণ-অভ্যুত্থানের স্থির চিত্র হিসেবে মিছিলের সম্মুখভাগে তার তোলা টোকাই বা পথশিশুর ছবি অবলম্বনে শিল্পী রফিকুল্লাহ তার যুগান্তকারী 'টোকাই' নামক কার্টুন চরিত্র সৃষ্টি করেন। যুদ্ধের পর ঢাকার রায়েরবাজার বধ্যভূমি থেকে বুদ্ধিজীবীদের লাশ উত্তোলনের ছবিও তিনিই ধারণ করেন। কে এই প্রথিতযশা ও জনপ্রিয় ফটোগ্রাফার ?

উত্তর: রশীদ তালুকদার

**প্রশ্ন:** জর্জ হ্যারিসন আয়োজিত "দ্য কনসার্ট ফর বাংলাদেশ" এ নিচের কোন শিল্পী অংশ নেননি

উত্তর: জন লেনন

**প্রশ্ন:** স্বাধীনতার ইশতেহার কে প্রথম পাঠ করেন?

উত্তর: শাজাহান সিরাজ

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধে প্রথম সশস্ত্র প্রতিরোধ কোথায় সংগঠিত হয়?

উত্তর: ১৯ মার্চ

**প্রশ্ন:** আমি একজন শিল্পীর নাম জানতে চাচ্ছি যিনি "কনসার্ট ফর বাংলাদেশ" এ গান পরিবেশন করেন। পরে চান্দস মিউজিক থেকে ১৯৭২ সালে "সং অফ বাংলাদেশ" গান প্রকাশ করেন। পুরো গানটিতে ২২ বার বাংলাদেশ শব্দটি উচ্চারিত হয়েছে। তাঁর গানে বাংলাদেশের স্বাধীনতায়ুদ্ধ, পাকিস্তানের গণহত্যা, বিশ্ববিদ্যালয়ের অস্বহীন ছাত্রদের হত্যার কথা উঠে আসে। কে ইনি ?

উত্তর: জোয়ান বায়েজ

**প্রশ্ন:** "দ্য কনসার্ট ফর বাংলাদেশ" এ ওস্তাদ আলি আকবর খাঁ কোন বাদ্যযন্ত্র ব্যবহার করে সঙ্গীত পরিবেশন করেন?

উত্তর: সরোদ

**প্রশ্ন:** ১৯৭১ সালের কোন মাসে জর্জ হ্যারিসন "দ্য কনসার্ট ফর বাংলাদেশ" আয়োজন করেন?

উত্তর: আগস্ট

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের সময় দুটি সমুদ্রগামী রণতরী নিয়ে যাত্রা শুরু করে বাংলাদেশ নৌবাহিনী। একটি রণতরীর নাম দেয়া হয় পদ্মা। অপরটির নাম কি ছিল?

উত্তর: পলাশ

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের সময় ভুলবশত ভারতীয় বিমানবাহিনীর বোমাবর্ষণের শিকার হয়ে পরবর্তীতে শহীদ হন কোন বীরশ্রেষ্ঠ মুক্তিযোদ্ধা ?

উত্তর: মোহাম্মদ রুহুল আমিন

**প্রশ্ন:** শহীদ বীরশ্রেষ্ঠ মতিউর রহমান এর হাইজ্যাক করা বিমানটির নাম কি ছিল?

উত্তর: টি-৩৩

**প্রশ্ন:** বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর কোন জেলা শহর দখল করতে গিয়ে শহীদ হন?

উত্তর: চাঁপাইনবাবগঞ্জ

**প্রশ্ন:** পাকিস্তান বাহিনীর মেশিনগান পোস্টে সফলভাবে গ্রেনেড হামলা করে মেশিনগান পোস্টকে অকার্যকর করে শহীদ হন কোন বীরশ্রেষ্ঠ মুক্তিযোদ্ধা ?

উত্তর: হামিদুর রহমান

**প্রশ্ন:** মৃত্যুকালে শহীদ বীরশ্রেষ্ঠ মুন্সি আব্দুর রউফ এর সামরিক পদবি কি ছিল?

উত্তর: ল্যান্স নায়েক

**প্রশ্ন:** ১৯৭১ সালে ভারত সরকার সোভিয়েত ইউনিয়নের সঙ্গে মৈত্রীচুক্তি স্বাক্ষর করে কবে?

উত্তর: ৯ আগস্ট

**প্রশ্ন: ১৯৭১ সালে মুক্তিযুদ্ধভিত্তিক "লিবারেশন ফাইটার্স" প্রামাণ্যচিত্রটির নির্মাতা কে ছিলেন?**

উত্তর: আলমগীর কবির

**প্রশ্ন: 'বঙ্গবন্ধু নৌবহর' উদ্বোধন করা হয় কবে?**

উত্তর: ১৯৭১ সালের ৯ নভেম্বর

**প্রশ্ন: মেজর খালেদ মোশাররফ কত নং সেক্টরের সেক্টর কমান্ডার ছিলেন ?**

উত্তর: ২ নং সেক্টর

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ চলাকালীন মৃত্যুবরণ করা একমাত্র সেক্টর কমান্ডার কে?**

উত্তর: মেজর নাজমুল হক

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় ১১ নং সেক্টরের একজন সেক্টর কমান্ডার যুদ্ধে গুরুতরভাবে আহত হলে এম হামিদুল্লাহ খান তাঁর স্বলাভিষিক্ত হন। কে এই সেক্টর কমান্ডার ?**

উত্তর: আবু তাহের

**প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আরব দেশ কোনটি**

উত্তর: ইরাক

**প্রশ্ন: পাকিস্তান বাংলাদেশকে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দেয় কত সালে ?**

উত্তর: ১৯৭৪

**প্রশ্ন: বীর উত্তম উপাধিতে ভূষিত হন মোট কতজন ?**

উত্তর: ৬৯ জন

**প্রশ্ন: কোন মার্কিন পররাষ্ট্রমন্ত্রীর দিক নির্দেশনায় মার্কিন যুক্তরাষ্ট্রীয় সরকার ১৯৭১ সালে সংঘটিত বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে পাকিস্তানকে সমর্থন করে ?**

উত্তর: হেনরি কিসিঞ্জার

**প্রশ্ন: স্বাধীনতা লাভের পর পাকিস্তান কারাগার থেকে মুক্তি পেয়ে কোন দেশ হয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশে ফিরেন ?**

উত্তর: যুক্তরাজ্য

**প্রশ্ন: যুদ্ধের পর চট্টগ্রাম বন্দরে পুঁতে রাখা পাকিস্তানী মাইন অপসারণে সাহায্য করতে গিয়ে মাইন বিস্ফোরণে প্রাণ হারান কোন সোভিয়েত মেরিন ?**

উত্তর: ইউরি রেদকিন

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় বগুড়া, রাজশাহী এবং পাবনা জেলা কোন সেক্টরের অধীনে ছিল ?**

উত্তর: ৭ নং সেক্টর

**প্রশ্ন: বঙ্গবন্ধু নৌবহরে অন্তর্ভুক্ত ছিল কয়টি নৌযান?**

উত্তর: ৬টি



**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশ বিমান বাহিনী কোথায় গঠিত হয়:

উত্তর: নাগাল্যান্ডের দিমাপুরে

**প্রশ্ন:** মার্কিন কবি অ্যালেন গিন্সবার্গ ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় একজন ভারতীয় সাহিত্যিক এর সাথে ভারতে অবস্থিত বাংলাদেশী শরণার্থী শিবিরগুলোতে ঘুরে বেরিয়েছিলেন। এসময় যশোরের অভিজ্ঞতা নিয়ে একটি কবিতা লিখেন যার নাম সেপ্টেম্বর অন যশোর রোড। ভারতীয় সাহিত্যিক কে ছিলেন ?

উত্তর: সুনীল গঙ্গোপাধ্যায়ে

**প্রশ্ন:** স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে কনিষ্ঠতম শিল্পী ছিলেন কে ?

উত্তর: উমা খান

**প্রশ্ন:** কোন ফরাসী মন্ত্রী ১৯৭১ সালে সত্তর বছর বয়সে বাংলাদেশের মুক্তিযুদ্ধে যোগ দিতে চেয়েছিলেন ?

উত্তর: অদ্রে মালরো

**প্রশ্ন:** প্রবাসী বাঙালিদের আমন্ত্রণে আগরতলা মড়যন্ত্র মামলায় বঙ্গবন্ধু শেখ মুজিবের পক্ষে আইনি লড়াই চালাতে ঢাকায় আসেন কোন ব্রিটিশ আইনজীবী যিনি ব্রিটেনের রানি এলিজাবেথেরও আইনজীবী ছিলেন ?

উত্তর: টমাস উইলিয়ামস

**প্রশ্ন:** ৩০ মার্চের ট্রান্সমিটারের সমস্যা হওয়ার কারণে কালুরঘাট বেতারকেন্দ্র আবার ভারতের কোথা থেকে ৩ এপ্রিল হতে সম্প্রচার করা শুরু করে?

উত্তর: ত্রিপুরা

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের স্মরণীয় গেরিলা যোদ্ধা শহীদ রুমী কোন বিদেশি বিশ্ববিদ্যালয়ে সুযোগ পেলেও যুদ্ধ শুরু হয়ে যাবার পর আদর্শগত কারণে দেশকে যুদ্ধের মধ্যে রেখে বিদেশে নিরাপদ আশ্রয়ে নিজের ক্যারিয়ারের জন্য পড়তে যাননি ?

উত্তর: আইআইটি

**প্রশ্ন:** শহীদ জননী জাহানারা ইমাম যুদ্ধের সময় সন্তানের পাশাপাশি তাঁর স্বামীকেও হারান। পেশায় ইঞ্জিনিয়ার তাঁর স্বামী যুদ্ধে পাকিস্তানি হানাদার বাহিনীর চলাচল ব্যাহত করার উদ্দেশ্যে ব্রিজের ঠিক কোন কোন পয়েন্টে এক্সপ্লসিভ বোঁধে ওড়ালে ব্রিজ ভাঙবে অথচ কম ক্ষতি হবে অর্থাৎ দেশ স্বাধীন হওয়ার পর সহজে মেরামত করা যাবে, সেভাবে মুক্তিযোদ্ধাদের বিস্তারিত তথ্য দিয়ে মুক্তিযুদ্ধে ভূমিকা রাখেন। তাঁর স্বামীর নাম কী?

উত্তর: শরীফ ইমাম

**প্রশ্ন:** বাংলাদেশকে ১৯৭৫ সালের ৩১ আগস্ট স্বীকৃতি দেয় কে ?

উত্তর: চীন

**প্রশ্ন:** তিনি ছিলেন উপমহাদেশের অন্যতম অভিজ্ঞ চক্ষু বিশেষজ্ঞ ও একজন বুদ্ধিজীবী। ১৯৭১ সালের ১৫ই ডিসেম্বর রাজাকার-আলবদর বাহিনী তার বাসা থেকে চোখ বোঁধে নিয়ে যায় এবং সারারাত নির্যাতনের পর ভোররাতে মেরে ফেলা হয়। এরপর ১৮ ডিসেম্বর রায়ের বাজার বধ্যভূমিতে তাঁর ক্ষত-বিক্ষত লাশটির সন্ধান পাওয়া যায়। কার কথা বলা হচ্ছে ?

উত্তর: ডা. আব্দুল আলিম চৌধুরী

**প্রশ্ন:** কলকাতায় বাংলাদেশের অস্থায়ী সরকারের কার্যালয়ের ঠিকানা কি ছিল ?

উত্তর: ৮ নম্বর থিয়েটার রোড

**প্রশ্ন:** ঢাকা শহরের অভ্যন্তরে ক্র্যাক প্লাটুনের গেরিলারা প্রথম সফল আক্রমণ পরিচালনা করেন কোথায়?

উত্তর: হোটেল ইন্টারকন্টিনেন্টাল

**প্রশ্ন:** আমি একজন প্রখ্যাত বাংলাদেশী চিকিৎসক, এবং মুক্তিযোদ্ধার নাম জানতে চাচ্ছি যিনি ইংল্যান্ডে ডাক্তারি পড়াকালীন বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ শুরু হলে চড়ান্ত পর্ব শেষ না-করে ভারতে ফিরে এসে মুক্তিযুদ্ধে অংশ নিতে মেলাঘরে প্রশিক্ষণ কেন্দ্র থেকে গেরিলা প্রশিক্ষণ নেন এবং সেখানেই ৪৮০ শয্যাবিশিষ্ট “বাংলাদেশ ফিল্ড হাসপাতাল” প্রতিষ্ঠা ও পরিচালনা করেন। তিনি সেই স্বল্প সময়ের মধ্যে অনেক নারীকে প্রাথমিক স্বাস্থ্য জ্ঞান দান করেন যা দিয়ে তারা রোগীদের সেবা করতেন এবং তার এই অভূতপূর্ব সেবাপদ্ধতি পরে বিশ্ববিখ্যাত জার্নাল পেপার “ল্যানসেট”-এ প্রকাশিত হয়। বর্তমানে তিনি তিনি গণস্বাস্থ্য কেন্দ্র নামক স্বাস্থ্য বিষয়ক এনজিওর প্রতিষ্ঠাতা। কে তিনি?

উত্তর: জাফরুল্লাহ চৌধুরী

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি সেনাবাহিনীর মধ্যে ব্যাপক ত্রাসের সৃষ্টিকারী ক্র্যাক প্লাটুন এর নামকরণ করেন কে?

উত্তর: খালেদ মোশাররফ

**প্রশ্ন:** আমি কিংবদন্তিত্য ক্র্যাক প্লাটুন এর একজন শহীদ গেরিলা যোদ্ধার নাম জানতে চাচ্ছি যিনি ক্রিকেটার হিসেবেও ব্যাপক সম্ভাবনাময় ও জনপ্রিয় ছিলেন। প্রতি বছর বিজয় দিবসের দিনে তার স্মরণে সাবেক-বর্তমান ক্রিকেটারদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় একটি স্মৃতি প্রীতি ম্যাচ। যুদ্ধে অসম সাহসিকতার জন্য বীর বিক্রম খেতাবধারী এই শহীদ মুক্তিযোদ্ধা কে ?

উত্তর: আবদুল হালিম চৌধুরী জুয়েল

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের সময় মতিনগরে স্থাপিত “বাংলাদেশ হাসপাতাল” এর কমান্ডিং অফিসার কে ছিলেন?

উত্তর: সিতারা বেগম

**প্রশ্ন:** স্বাধীন বাংলা বেতার কেন্দ্র কলকাতায় স্থানান্তরিত হয় কবে?

উত্তর: মে মাসের ২৫ তারিখ

**প্রশ্ন:** শিক্ষাবিদ জ্যোতির্ময় গুহঠাকুরতা দেশের প্রগতিশীল বুদ্ধিজীবী সমাজে অগ্রগণ্য বিবেচিত হতেন। মুক্তিযুদ্ধের সময় শহীদ হওয়া বুদ্ধিজীবীদের মধ্যে তিনি একজন। তিনি কোন বিভাগের শিক্ষক ছিলেন ?

উত্তর: ইংরেজি সাহিত্য

**প্রশ্ন:** তিনি ছিলেন বিখ্যাত সমাজসেবক ও দানবীর। ভারতেশ্বরী হোমস ও কুমদিনী হাসপাতাল প্রতিষ্ঠার কতিত্ব তাঁর। মানবতাবোধী কাজে সম্পৃক্ত থাকায় তৎকালীন ব্রিটিশ সরকার তাঁকে রায় বাহাদুর খেতাব প্রদান করেন। এই মহান গুণীজন ১৯৭১ সালে পাকিস্তান সেনাবাহিনী কর্তৃক অপহৃত হন। পরবর্তীকালে তার আর কোন খোঁজ পাওয়া যায় নি। তিনি কে ?

উত্তর: রণদাপ্রসাদ সাহা

**প্রশ্ন:** এটি ছিল বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সূচনালগ্নে সংঘটিত হওয়া একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যুদ্ধ। এই যুদ্ধে মুক্তিযোদ্ধারা প্রাথমিকভাবে ব্যাপক সাফল্য অর্জন করেন যা তাঁদের মনোবল অনেক বাড়িয়ে দেয়। চট্টগ্রাম শহরের উত্তরে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কাছাকাছি হওয়া এ যুদ্ধে ইস্টবেঙ্গল রেজিমেন্ট ও ইপিআরের মাত্র শ'খানেক সৈন্যের আক্রমণে পাকিস্তান সেনাবাহিনীর একটি কোম্পানি প্রায় নিশ্চিহ্ন হয়ে যায়। মুক্তিযুদ্ধের শুরুতে দেশের অন্যান্য স্থানে যখন পাকিস্তানিদের হামলার একের পর এক দঃসংবাদ আসছিল তখন এ যুদ্ধ যেন কিছুটা হলেও আশার আলো হয়ে দেখা দেয়। ২৬শে মার্চে হওয়া এই যুদ্ধটির নাম কি ছিল ?

উত্তর: কুমিরার যুদ্ধ



**প্রশ্ন:** মৌলভীবাজার জেলায় সংঘটিত এই যুদ্ধে পাক সেনাদের একটি সীমান্ত চৌকিতে লেফটেন্যান্ট কাইয়ুমের নেতৃত্বে মুক্তিবাহিনীর একটি দল চতুর্দিক থেকে সাঁড়াশি আক্রমণ চালায়। ব্যাপক গোলাবর্ষনে পাক সেনাদের ক্যাম্পে আগুন ধরে যায়। প্রচন্ড গুলিবর্ষন ও পাকবাহিনীর পুতে রাখা মাইন বিস্ফোরণে বেশ কিছু মুক্তিযোদ্ধা হতাহত হন। এই যুদ্ধে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান শহিদ হন। যুদ্ধটি কি নামে পরিচিত ?

উত্তর: ধলাইয়ের যুদ্ধ

**প্রশ্ন:** ১৬ ডিসেম্বর (১৯৭১) জেনারেল নিয়াজী তার সৈন্যবাহিনী নিয়ে জনসম্মুখে রেসকোর্স ময়দানে আত্মসমর্পণ করেন এবং ঠিক ওই সময় ব্রিগেডিয়ার হায়াত খানের নেতৃত্বে ৪ সহস্রাধিক সৈন্যের বিরুদ্ধে মুক্তিবাহিনী ও ভারতীয় সেনারা একটি বৃহৎ ট্যাঙ্ক যুদ্ধে মুখোমুখি হয়। এ যুদ্ধের কৌশল ভারত, পোল্যান্ডসহ ৩৫টি দেশের সেনাবাহিনীর প্রতিরক্ষা কলেজে পড়ানো হয়, বিশ্বের সেরা কিছু ট্যাংক যুদ্ধের মধ্যে এটি একটি এবং একই সাথে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের শেষ যুদ্ধক্ষেত্র ছিল এটি। কোন যুদ্ধের কথা বলা হচ্ছে ?

উত্তর: শিরোমণি যুদ্ধ

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের শেষদিকে যখন পাকিস্তানের পরাজয়ের দিন ঘনিয়ে আসছিল তখন যমুনা নদের ওপরে পঙ্গলি সেতুটা রক্ষা করা দরকার ছিল যে কোনও মূল্যে না হলে ঢাকার দিকে এগোতে থাকা ভারতীয় বাহিনীর এগোনোর উপায় থাকত না। শেষমেশ ঠিক করা হল ঢাকার কাছাকাছি কোনও জায়গায় বিমান থেকে প্যারাসুটের মাধ্যমে পূর্ব পাকিস্তানের সীমানার ভেতরেই সেনা নামিয়ে দেওয়া হবে। সেটাই ছিল স্বাধীন ভারতের ইতিহাসে প্রথম প্যারা-ড্রপিং। এই বিখ্যাত এয়ার ড্রপ টি কোন জেলার নামে পরিচিত ?

উত্তর: টাঙ্গাইল এয়ারড্রপ

**প্রশ্ন:** বাংলাদেশের মুক্তিযুদ্ধে নিহত ইতালির নাগরিকের নাম কী ?

উত্তর: ফাদার মারিও ভেরোনিসি

**প্রশ্ন:** ১০ নং সেক্টরের হয়ে যুদ্ধ করেন নিচের কোন বীরশ্রেষ্ঠ ?

উত্তর: মোহাম্মদ রুহুল আমিন

**প্রশ্ন:** কোন বীরশ্রেষ্ঠ মুক্তিযোদ্ধা কোন সেক্টরের হয়েই যুদ্ধ করেননি ?

উত্তর: মতিউর রহমান

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের সময় একমাত্র কোন শহীদ বীরশ্রেষ্ঠ একজন সাব সেক্টর কমান্ডার ছিলেন ?

উত্তর: মহিউদ্দিন জাহাঙ্গীর

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে বাংলাদেশের মুক্তিযুদ্ধের পক্ষে জনমত অর্জন এবং মুক্তিযোদ্ধাদের সাহায্যার্থে অর্থ সংগ্রহের উদ্দেশ্যে গঠিত স্বাধীন বাংলা ফুটবল দলের কোচ কে ছিলেন ?

উত্তর: ননী বসাক

**প্রশ্ন:** মে মাসে রাজাকার বাহিনী গঠনের আগেই এপ্রিল মাসে গঠিত হয় যুদ্ধের সময় পাকিস্তান সেনাবাহিনীকে সহায়তা দানকারী কোন কুখ্যাত আধা-সামরিক বাহিনী ?

উত্তর: আল বদর

**প্রশ্ন:** বাংলাদেশের ইতিহাসে প্রথম জাতীয় পতাকা উত্তোলন করেছিলেন কে ?

উত্তর: আ.স.ম. আব্দুর রব

**প্রশ্ন:** কোথায় প্রথম স্বাধীনতার ইশতেহার পাঠ করা হয়?

উত্তর: পল্টন ময়দান

**প্রশ্ন:** 'আমি পূর্ব পাকিস্তানের মাটি চাই, মানুষ চাই না।' - উক্তিটি কার ছিল ?

উত্তর: জেনারেল টিক্কা খান

**প্রশ্ন:** কাকে অস্থায়ী সরকারের ডেপুটি চীফ অব স্টাফ নিয়োগ করা হয়?

উত্তর: গ্রুপ ক্যাপ্টেন এ.কে খন্দকার

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের সময় ৮ নং সেক্টর এর হয়ে যুদ্ধ করে শহীদ হওয়া ২ বীরশ্রেষ্ঠ কে কে?

উত্তর: মোস্তফা কামাল ও নূর মোহাম্মদ শেখ

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের সময় মুজিব নগর কত নং সেক্টরের অধীনে ছিল?

উত্তর: ৮ নং সেক্টর

**প্রশ্ন:** প্রথম কোন বাংলাদেশী কূটনীতিক দেশের প্রতি আনুগত্য প্রকাশ করেন?

উত্তর: এম. হোসেন আলী

**প্রশ্ন:** নিচের কে মুজিবনগর সরকারকে 'গার্ড অব অনার' প্রদান করেন ?

উত্তর: মাহবুব উদ্দিন আহমেদ

**প্রশ্ন:** ১৯৭১ এ ভারতীয় বিমান ঘাটিতে পাকিস্তান প্রথম বোমা হামলা চালায় কবে?

উত্তর: ৩রা ডিসেম্বর

**প্রশ্ন:** কে ভারত থেকে আত্মসমর্পন দলিল নিয়ে আসেন?

উত্তর: জেনারেল জ্যাকব

**প্রশ্ন:** বাংলা ভাষাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবিতে ১৯৪৭ সালের ৬ই ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে প্রথম যে ছাত্রসভা হয়, তাতে বক্তৃতা প্রদান করেছিলেন তিনি। ১৯৫৩ সালে কারাবন্দী অবস্থাতেই লেখেন বিখ্যাত একটি নাটক। ১৯৬৯ সালে হন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রধান। বিখ্যাত এ নাট্যকার পাকিস্তানের বেসামরিক খেতাব সিতারা-ই-ইমতিয়াজ প্রত্যাখ্যান করেন অসহযোগ আন্দোলনের সমর্থনে। কে তিনি ?

উত্তর: মুনীর চৌধুরী

**প্রশ্ন:** স্বাধীনতা যুদ্ধের প্রথম শহীদ নারী বুদ্ধিজীবী তিনি। ১৯৭১ সালের ২৩শে মার্চ দুই ভাইকে নিয়ে 'জয় বাংলা' স্লোগান দিয়ে মিরপুরে নিজ বাড়িতে বাংলাদেশের পতাকা উত্তোলন করেন। ২৭শে মার্চ কাদের মোল্লার নেতৃত্বে আলবদর বাহিনী তাঁর বাসায় আক্রমণ করে দুই ভাইকে জবাই করে হত্যা করে। এরপর তাঁর মাথা ধড় থেকে আলাদা করে হত্যা করা হয়। শেষে তাঁর মাকেও হত্যা করা হয়। কার কথা বলা হচ্ছে ?

উত্তর: মেহেরুন নেসা

**প্রশ্ন:** শ্যামলী নাসরিন চৌধুরী একজন বাংলাদেশী শিক্ষাবিদ। শিক্ষাক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ সরকার তাকে ২০০১ সালে একুশে পদকে ভূষিত করে। তাঁর স্বামী ছিলেন কোন শহীদ বুদ্ধিজীবী ?

উত্তর: ড. আলীম চৌধুরী

**প্রশ্ন:** এই শহীদ বুদ্ধিজীবী ১৯৭১ সালে 'ইত্তেফাক' -এর সম্পাদকীয়, উপ-সম্পাদকীয় লিখতেন। ১৯৭১ সালের ১০ ডিসেম্বর তাঁকে শান্তিনগরের চামেলীবাগের ভাড়া বাসা থেকে ধরে নিয়ে যায় বাহিনীর লোকেরা। তাঁর আর কোন খোঁজ পাওয়া যায়নি। কে তিনি ?

উত্তর: সিরাজুদ্দীন হোসেন

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম পূর্ণদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্রের নাম কী? এটি ছিল মহান স্বাধীনতা যুদ্ধের পটভূমিতে নির্মিত, স্বাধীনতাত্ত্বের প্রথম চলচ্চিত্র।

উত্তর: ওরা ১১ জন

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধ নিয়ে লেখা প্রথম উপন্যাস কোনটি? এটি ১৯৭১ সালের ২৫ মার্চ পাকিস্তানি হানাদার বাহিনীর নৃশংস হত্যাযজ্ঞ শুরুর পরের তিন মাসের গল্প নিয়ে লেখা।

উত্তর: রাইফেল রোটি আওরাত

**প্রশ্ন:** অর্থনীতিতে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও করাচি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করা এই গেরিলা ছিলেন ক্র্যাক প্লাটনের সবচেয়ে বিখ্যাত সদস্যদের একজন। মাত্র ৯২ সেকেন্ডে সম্পন্ন করা অপারেশন ফার্মগেট চেকপয়েন্টের জন্য বিখ্যাত এই সূর্যসন্তান ঘনিষ্ঠ বন্ধুর বিশ্বাসঘাতকতায় ২৯ আগস্ট পাকিস্তান আর্মির কাছে ধরা পড়েন। হুমায়ূন আহমেদের বিখ্যাত চলচ্চিত্র ‘আগুনের পরশমণি’ তাঁকে ভিত্তি করেই নির্মিত। তাঁকে মরণোত্তর বীরবিক্রম পদকে ভূষিত করা হয়।

উত্তর: বদিউল আলম বদি

**প্রশ্ন:** তিনি ছিলেন পাক সেনাবাহিনীর কমান্ডো। স্পেশাল সার্ভিস গ্রুপ ট্রেনিংয়ে ৩৬০ সদস্যের মধ্যে থাকা দজন বাঙালির অন্যতম তিনি। মুক্তিযুদ্ধে যোগ দিয়ে দায়িত্ব নেন ২ নম্বর সেক্টরের গেরিলাদের প্রশিক্ষণের। তাঁর হাত দিয়েই গড়ে উঠে ঢাকার দুর্ধর্ষ গেরিলাদের এই ক্র্যাক প্লাটন। উপস্থিত ছিলেন পাকিস্তান বাহিনীর আত্মসমর্পণ অনুষ্ঠানেও। বীর উত্তমের খেতাব পাওয়া এই ব্যক্তি কে?

উত্তর: এটিএম হায়দার

**প্রশ্ন:** বীর প্রতীক খেতাবপ্রাপ্ত ক্যাপ্টেন সিতারা বেগম এর আপন ভাই ছিলেন কোন সেক্টর কমান্ডার ?

উত্তর: এটিএম হায়দার

**প্রশ্ন:** ১৯৭১ সালের ৩রা মার্চ বাঙ্গলাদেশের স্বাধীনতার ইশ্তেহার পাঠ করা হয়। পাঠ করেছিলেন তৎকালীন ছাত্রলীগের সাধারণ সম্পাদক। পাঠকের নাম কি?

উত্তর: শাজাহান সিরাজ

**প্রশ্ন:** বৃহত্তর ময়মনসিংহ এলাকা কত নং সেক্টরের অন্তর্গত ছিলো?

উত্তর: ১১

**প্রশ্ন:** আলবদর বাহিনীর কোন সদস্যের মৃত্যুদন্ড ২০১৩ সালের ১২ই ডিসেম্বর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল কার্যকর করে? তার বিরুদ্ধে আনীত যুদ্ধাপরাধের অভিযোগের মধ্যে কবি মেহেরুল্লাহ সার হত্যাকাণ্ড অন্যতম।

উত্তর: আব্দুল কাদের মোল্লা

**প্রশ্ন:** কোলাবোরেটস ট্রাইব্যুনাল অর্ডার কবে জারি করা হয়

উত্তর: ১৯৭২ সালের ২৪ জানুয়ারি

**প্রশ্ন:** ১৯৭১ সালের ২০ মে মুক্তিযুদ্ধ চলাকালীন খুলনার ভারত সীমান্তবর্তী এলাকায় পাক বাহিনী কর্তৃক সংগঠিত হয় একটি সামরিক গণহত্যা যা বিশ্বের কোনো মুক্তিযুদ্ধের ইতিহাসে সর্ববৃহৎ একক গণহত্যা হিসেবে পরিচিত (একদিনে পাকিস্তান সেনাবাহিনী প্রায় ১০ হাজার মানুষকে হত্যা করে)। এটি কি নামে পরিচিত?

উত্তর: চুকনগর গণহত্যা

**প্রশ্ন:** দ্বিতীয় বিশ্বযুদ্ধের নরমান্ডি ল্যান্ডিংয়ের সাথে তুলনা করা হয় মুক্তিযুদ্ধের কোন যুদ্ধের? এটি ১১ নম্বর সেক্টরের অধিনায়ক আবু তাহের এর নেতৃত্বে সংগঠিত হয়েছিলো।

উত্তর: চিলমারী বেইড

**প্রশ্ন:** দিনাজপুরের রামসাগর, ঘুঘুডাঙ্গা, মোহনপুর, বিরলসহ প্রত্যন্ত অঞ্চলের গেরিলা দল জর্জ বাহিনীর কমান্ডার এর নাম কি?

উত্তর: জর্জ দাস

**প্রশ্ন:** ঢাকায় বাটা স্যু কোম্পানির প্রোডাকশন ম্যানেজার হিসেবে এই প্রাক্তন ডাচ-অস্ট্রেলিয়ান কমান্ডো অফিসার ১৯৭০ সালের শেষ দিকে প্রথম ঢাকায় আসেন। ১৯৭১ সালে অংশগ্রহণ করেন মুক্তিযুদ্ধে। উনি কে?

উত্তর: উইলিয়াম ওডারল্যান্ড

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধকে সমর্থন, বাংলাদেশে খাদ্যসামগ্রী ও ওষুধপথ্য পাঠানোর জন্য লন্ডনের ক্যামডেন এলাকায় তারা 'অ্যাকশন বাংলাদেশ' নামে একটি কার্যালয় খোলেন। পরবর্তীতে ত্রাণসামগ্রী নিয়ে লুকিয়ে বাংলাদেশে ঢোকার পর পাকিস্তানি বাহিনীর হাতে গ্রেফতার হন। তারা হলেন-

উত্তর: পল এবং এলেন কনেট

**প্রশ্ন:** বঙ্গবন্ধুর অবর্তমানে প্রবাসী বাংলাদেশ সরকারের ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন কে?

উত্তর: সৈয়দ নজরুল ইসলাম

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধ চলাকালীন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের জনপ্রিয় অনুষ্ঠান জল্লাদের দরবার পরিচালনা করতেন-

উত্তর: কল্যাণ মিত্র

**প্রশ্ন:** মুক্তিবাহিনীর ডাইরেক্টর জেনারেল মেডিকেল সার্ভিস কে ছিলেন?

উত্তর: মেজর শামছুল আলম

**প্রশ্ন:** বিখ্যাত ক্র্যাক প্লাটুনের কোন গেরিলা যোদ্ধা ৭১ এর পূর্বে মোহাম্মেডান ক্লাবের ক্রিকেটার ছিলেন?

উত্তর: শহীদ জুয়েল

**প্রশ্ন:** "সালাম সালাম হাজার সালাম" গানটির শিল্পী কে?

উত্তর: মোহাম্মদ আবদুল জব্বার

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধ চলাকালীন ভারতের রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন কে ?

উত্তর: ভি ভি গিরি

**প্রশ্ন:** অপারেশন সার্চ লাইটের সার্বিক দায়িত্বে ছিল কে?

উত্তর: চিক্কা খান

**প্রশ্ন:** ১৯৭১ এর ৩রা ডিসেম্বর গোপালগঞ্জের কোটালীপাড়া শত্রুমুক্ত করেন ৫,৫৫৮ জন সশস্ত্র মুক্তিযোদ্ধার একটি গেরিলা বাহিনী। বাহিনীর নাম-

উত্তর: হেমায়েত বাহিনী

**প্রশ্ন:** ১৯৭১ সালে জাতিসংঘে সোভিয়েত ইউনিয়নের স্থায়ী প্রতিনিধি কে ছিলেন? যুক্তরাষ্ট্রের যুদ্ধবিরতি প্রস্তাব নাকচ করতে তিনি অগ্রণী ভূমিকা রাখেন।

উত্তর: ইয়াকভ মালিক

**প্রশ্ন:** মুজিবনগর সরকারের ক্যাবিনেট সচিব কে ছিলেন?

উত্তর: এইচ টি ইমাম

**প্রশ্ন:** বীরশ্রেষ্ঠদের মধ্যে কে নৌ বাহিনীর সদস্য ছিলেন?

উত্তর: শহীদ রুহুল আমিন

**প্রশ্ন:** ইয়াহিয়া ২৫ মার্চ আহূত জাতীয় পরিষদের অধিবেশন অনির্দিষ্টকালের জন্য স্থগিত ঘোষণা করেন মার্চএর কত তারিখ?

উত্তর: ২২

**প্রশ্ন:** "দ্যা রেইপ অফ বাংলাদেশ" বইটি কার লেখা?

উত্তর: এন্থনি মাসকারেনহাস

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধ চলাকালে ভারতীয় গোয়েন্দা সংস্থা রিসার্চ অ্যান্ড অ্যানালাইসিস উইং (র) সীমান্তবর্তী এলাকাগুলোতে প্রশিক্ষণ ক্যাম্প প্রতিষ্ঠা করে মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ ও বিভিন্ন সামরিক অভিযানে গুরুত্বপূর্ণ গোপন তথ্য সহায়তা দিয়ে স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠায় ভূমিকা রাখে। এসকল কার্যক্রমে "র" এর প্রধান হিসেবে নেতৃত্ব দেন কে ?

উত্তর: রামেশ্বর নর্থ কাও

**প্রশ্ন:** লতিফ মির্জা বাহিনী যুদ্ধে কোন অঞ্চলে তাদের বীরত্বের জন্য কিংবদন্তী হয়ে আছে?

উত্তর: সিরাজগঞ্জ

**প্রশ্ন:** ১৯৭১ সালে বাংলাদেশ বিমান বাহিনীর যাত্রা শুরু হয় কোথায়?

উত্তর: নাগাল্যান্ড

**প্রশ্ন:** বাংলাদেশ নৌবাহিনী ১৯৭১ সালের কোন মাসে গঠিত হয়েছিলো?

উত্তর: আগস্ট

**প্রশ্ন:** মিরপুর মুক্ত দিবস কত তারিখ?

উত্তর: ৩১ জানুয়ারি

**প্রশ্ন:** কে ফোর্স গঠিত হয় কোন মাসে?

উত্তর: অক্টোবর

**প্রশ্ন:** মুজিবনগর সরকারের রাষ্ট্রপতির পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা কে ছিলেন?

উত্তর: আবদুস সামাদ আজাদ

**প্রশ্ন:** বাংলাদেশে অবস্থিত বিদেশি দ্য ডেইলি টেলিগ্রাফের কোন সাংবাদিক জীবনের ঝুঁকি নিয়ে পাকিস্তান বাহিনীর গণহত্যার উপর রিপোর্ট করেছিলেন?

উত্তর: সাইমন ড্বিং

**প্রশ্ন:** দ্য ক্রুয়েল বার্থ অব বাংলাদেশ – মেমোয়ারস অব অ্যান অ্যামেরিকান ডিপ্লোম্যাট- বইটির লেখক কে?

উত্তর: আচার ব্লাড

**প্রশ্ন:** যুদ্ধে পাকিস্তানের অবশ্যম্ভাবী পরাজয় আঁচ করতে পেরে যুক্তরাষ্ট্রের পাঠানো সপ্তম নৌবহরের প্রধান জাহাজ ছিল কোন বিমানবাহী রণতরী ?

উত্তর: ইউএসএস এন্টারপ্রাইজ

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র "রক্তাক্ত বাংলা" এর নির্মাতা কে?

উত্তর: মমতাজ আলী

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের স্বতন্ত্র বাহিনীগুলোর মধ্যে আকবর হোসেইন বাহিনী কোন এলাকায় যুদ্ধ পরিচালনা করেছিলো?

উত্তর: মাগুরা

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের কোন সেক্টরে কোন আঞ্চলিক সীমানা ছিলো না?

উত্তর: ১০

**প্রশ্ন:** ১ নং সেক্টরের সদর দপ্তর কোথায় ছিলো?

উত্তর: হরিণা

**প্রশ্ন:** কয় নং সেক্টরের অধীনে ৫১৫ জন নৌকমান্ডো যুদ্ধে নিয়োজিত ছিলেন?

উত্তর: ১০

**প্রশ্ন:** মুক্তিবাহিনীর উপ-সেনাপ্রধান কে ছিলেন?

উত্তর: এ কে খন্দকার

**প্রশ্ন:** ২ নং সেক্টরের সদর দপ্তর কোথায় ছিলো?

উত্তর: মেলাঘর

**প্রশ্ন:** ১১ টি সেক্টরের মধ্যে একমাত্র কোনটিকে সরাসরি সর্বাধিনায়কের সরাসরি নিয়ন্ত্রণে রাখা হয়?

উত্তর: ১০

**প্রশ্ন:** কালরাত্রির খন্ডচিত্র বইটির লেখক কে?

উত্তর: শওকত ওসমান

**প্রশ্ন:** কোন মার্কিন সিনেটর ১৯৭১ এ পাকিস্তান সরকারকে গণহত্যার দায়ে অভিযুক্ত করেছিলেন এবং মার্কিন সামরিক ও অর্থনৈতিক সাহায্য পুরোপুরি স্থগিত রাখার বিষয়ে হুশিয়ারী বাঁতা প্রদান করেছিলেন?

উত্তর: এডওয়ার্ড কেনেডি

**প্রশ্ন:** শহীদ বুদ্ধিজীবী মোফাজ্জল হায়দার চৌধুরী কোন বিষয়ের অধ্যাপক ছিলেন?

উত্তর: বাংলা সাহিত্য

**প্রশ্ন:** শহীদ বুদ্ধিজীবী ড. গোবিন্দ চন্দ্র দেব কোন বিষয়ের অধ্যাপক ছিলেন?

উত্তর: দর্শন

**প্রশ্ন:** শহীদ বীরশ্রেষ্ঠ মতিউর রহমান কোন পাকিস্তানী পাইলট এর থেকে বিমান হাইজ্যাক করে বাংলাদেশে আসার চেষ্টা করেন?

উত্তর: রাশেদ মিনহাজ

**প্রশ্ন:** ১২ নভেম্বর, ১৯৭০ তারিখে সংঘটিত কোন প্রাকৃতিক দুর্যোগে পূর্ব পাকিস্তান ব্যাপক ক্ষয়ক্ষতির স্বীকার হয়?

উত্তর: ভোলা ঘূর্ণিঝড়

**প্রশ্ন:** জর্জ হারিসন আয়োজিত "দ্য কনসার্ট ফর বাংলাদেশ" এ গান পরিবেশন করে নিচের কোন ব্যান্ড ?

উত্তর: ব্যান্ড ফিস্সার

**প্রশ্ন:** ১৯৭১ সালের ২ এপ্রিল বাংলাদেশের করানীগঞ্জ উপজেলায় সংগঠিত গণহত্যা কি নামে পরিচিত?

উত্তর: জিজিরা গণহত্যা



**প্রশ্ন:** বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন পাকিস্তান সেনাবাহিনী কাকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ দেয়? দেশ স্বাধীন হবার পর তিনি গ্রেফতার হন এবং তাকে নির্বাসনে পাঠানো হয়।

উত্তর: ড. সাজ্জাদ হোসাইন

**প্রশ্ন:** বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় স্বাধীন বাংলা বেতারে সম্প্রচারিত তার লেখা মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি, এক সাগর রক্তের বিনিময়ে, পূর্ব দিগন্তে সূর্য উঠেছে প্রভৃতি গানসমূহ মুক্তিযোদ্ধাদের অনুপ্রাণিত করতো। তিনি কে ছিলেন?

উত্তর: গোবিন্দ হালদার

**প্রশ্ন:** ১৯৬২ সালের চীন-ভারত যুদ্ধের পর তিব্বতের যুবকদের নিয়ে গঠিত কোন বাহিনী বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণ করে?

উত্তর: স্পেশাল ফ্রন্টিয়ার ফোর্স

**প্রশ্ন:** ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন পাকিস্তানের সামরিক সরকার দেশদ্রোহিতার অভিযোগে বাংলাদেশের কোন জাতীয় অধ্যাপককে তার অনুপস্থিতিতে ১৪ বছরের সশ্রম কারাদন্ডে দণ্ডিত করে?

উত্তর: আবদুর রাজ্জাক

**প্রশ্ন:** বিজয় '৭১ ভাস্কর্যটি কোন বিশ্ববিদ্যালয়ে স্থাপিত?

উত্তর: বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের প্রেরণায় নির্মিত প্রথম ভাস্কর্যের নাম কি?

উত্তর: জাগ্রত চৌরঙ্গী

**প্রশ্ন:** "অরুণোদয়ের অগ্নিসাক্ষী" চলচ্চিত্রটির পরিচালক কে?

উত্তর: সুভাষ দত্ত

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র "গেরিলা" এর নির্মাতা কে?

উত্তর: নাসিরউদ্দিন ইউসুফ

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধে নির্যাতিতা মহিলাদের জন্য বাংলাদেশ মহিলা পুনর্বাসন বোর্ড (বিডব্লিউআরবি) গঠন করা হয় কবে?

উত্তর: ১৯৭২ সালের ১৮ ফেব্রুয়ারি

**প্রশ্ন:** সাতজন বীরশ্রেষ্ঠের নামে ৭টি পুকুর খনন করা হয়েছে কোথায়?

উত্তর: সুন্দরবন

**প্রশ্ন:** "পূর্ব পাকিস্তানের মাটি চাই, মানুষ নয়" উক্তিটি কার?

উত্তর: ইয়াহিয়া খান

**প্রশ্ন:** সোভিয়েত ইউনিয়ন যুদ্ধবিরতির বিপক্ষে কয়বার ভোট প্রদান করেছিলো?

উত্তর: ৩

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের প্রথম শত্রুমুক্ত জেলা কোনটি?

উত্তর: যশোর

**প্রশ্ন:** আদিবাসীদের মধ্যে একমাত্র খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা-

উত্তর: ইউ কে চিং

**প্রশ্ন:** বৈদ্যনাথতলার ভবেরপাড়াকে মুজিবনগর নামকরণ করেন কে?

উত্তর: তাজউদ্দীন আহমেদ

**প্রশ্ন:** যুদ্ধ চলাকালীন কোনো সেক্টরে ছিলেন না কোন বীরশ্রেষ্ঠ?

উত্তর: বীরশ্রেষ্ঠ মতিউর রহমান

**প্রশ্ন:** বীরবিক্রম খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা কতজন?

উত্তর: ১৭৫

**প্রশ্ন:** সাতজন বীরশ্রেষ্ঠের মধ্যে ল্যান্স নায়েক ছিলেন কতজন?

উত্তর: ২

**প্রশ্ন:** কনসার্ট ফর বাংলাদেশে অংশ নেয়া উল্লেখযোগ্য শিল্পীদের মধ্যে তানপুরায় কে ছিলেন?

উত্তর: কমলা চক্রবর্তী

**প্রশ্ন:** বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম অনারব মুসলিম দেশ-

উত্তর: মালয়েশিয়া

**প্রশ্ন:** বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম ওশেনিয়ান (অস্ট্রেলিয়া মহাদেশের) দেশ-

উত্তর: টোঙ্গা

**প্রশ্ন:** সম্প্রতি কত তারিখকে রাষ্ট্রীয়ভাবে মুক্তিযোদ্ধা দিবস হিসেবে পালন করার প্রস্তাব দিয়েছে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটি?

উত্তর: ১ ডিসেম্বর

**প্রশ্ন:** জহির রায়হান মুক্তিযুদ্ধ শুরু হবার পর কোন ডকুমেন্টারির কাজ বন্ধ রেখে "স্টপ জেনোসাইড" নির্মাণের কাজ শুরু করেন?

উত্তর: Let their be light

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র "স্মৃতি '৭১" এর নির্মাতা কে?

উত্তর: তানভীর মোকাম্মেল

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ একাত্তরের ঢাকা লিখেছেন কে?

উত্তর: সেলিনা হোসেন

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস জাহান্নাম হইতে বিদায় লিখেছেন কে?

উত্তর: শওকত ওসমান

**প্রশ্ন:** বাংলাদেশ সরকার মুক্তিযুদ্ধে অংশগ্রহণের জন্য স্বাধীনতা সম্মাননা দিয়েছে- ১২৯ জন বিদেশি নাগরিক ও সংগঠনকে। যুগোশ্লাভিয়া থেকে সম্মাননা পেয়েছেন-

উত্তর: মার্শাল জোসেফ টিটো

**প্রশ্ন:** নৌ-কমান্ডো বাহিনীর প্রথম অভিযান 'অপারেশন জ্যাকপট' কবে পরিচালিত হয়?

উত্তর: ১৫ আগস্ট, ১৯৭১

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশে গনহত্যা চলাকালীন আমেরিকায় রাজনীতি দ্বন্দ্ব ও বিতর্ক নিয়ে ২০১৩ সালে আমেরিকান সাংবাদিক গ্যারি জে ব্যাস এর লেখা বই নিচের কোনটি ?

উত্তর: দ্যা ব্লাড টেলিগ্রাম

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধভিত্তিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র "আবার তোরা মানুষ হ" এর নির্মাতা কে?

উত্তর: খান আতাউর রহমান

**প্রশ্ন: স্বাধীন দেশে মুক্তিযোদ্ধা সংসদ গঠিত হয় কবে?**

উত্তর: ১৯৭২ সালের ১৩ ফেব্রুয়ারি

**প্রশ্ন: অপারেশন সার্চলাইট ২৫ মার্চ কয়টায় শুরু হয়?**

উত্তর: রাত ১১.৩০ মিনিট

**প্রশ্ন: ক্র্যাক প্লাটুন ঢাকা শহরে মোট কতটি অপারেশন পরিচালনা করে?**

উত্তর: ৮২

**প্রশ্ন: রণাঙ্গনে পুরুষ সেজে যুদ্ধ করতে গিয়েছিলেন কোন নারী মুক্তিযোদ্ধা?**

উত্তর: শিরিন বানু

**প্রশ্ন: সেক্টর ২ এর অধীনে বাংলাদেশ ফিল্ড হাসপাতালের ইনচার্জ কে ছিলেন?**

উত্তর: সিতারা বেগম

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র আলোর মিছিল এর নির্মাতা কে?**

উত্তর: নারায়ণ ঘোষ মিতা

**প্রশ্ন: মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশকে স্বীকৃতি দেয় কত সালে?**

উত্তর: ১৯৭২

**প্রশ্ন: বীরশ্রেষ্ঠ মহিউদ্দীন জাহাঙ্গীর কত নং সেক্টরে যুদ্ধ করেছিলেন?**

উত্তর: ৭

**প্রশ্ন: কনসার্ট ফর বাংলাদেশে পণ্ডিত রবিশংকর কি বাজিয়েছিলেন?**

উত্তর: সেতার

**প্রশ্ন: ১৭১ সালের ২১ আগস্ট কোথা থেকে বদিউন আলমকে ধরে নিয়ে যায় পাক হানাদার বাহিনী?**

উত্তর: ধানমণ্ডি

**প্রশ্ন: আইয়ুব খান কত বছর সামরিক শাসক হিসেবে পাকিস্তান শাসন করেন?**

উত্তর: ১০

**প্রশ্ন: পার্বত্য চট্টগ্রাম কোন সেক্টরের অন্তর্গত ছিলো?**

উত্তর: ১

**প্রশ্ন: অপারেশন জ্যাকপটে চট্টগ্রাম বন্দরে অভিযান পরিচালনার দায়িত্বে ছিলেন কে?**

উত্তর: সাবমেরিনার আবদুল ওয়াহেদ চৌধুরী

**প্রশ্ন: ১৯৭১ সালের ২৬ মার্চ পাকবাহিনীর বিরুদ্ধে বিদ্রোহ করা বাঙালি অফিসার শাফায়েত জামিল মুক্তিযুদ্ধের পর কোন উপাধিতে ভূষিত হন?**

উত্তর: বীর বিক্রম

**প্রশ্ন: ১৯৭১ সালের মার্চ মাসে ১ম ইস্ট বেঙ্গল রেজিমেন্ট এর অবস্থান ছিল কোন সেনানিবাসে?**

উত্তর: যশোর

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত গান "রক্ত দিয়ে নাম লিখেছি" এর রচয়িতা কে?**

উত্তর: আবদুল কাশেম সন্দীপ

**প্রশ্ন:** লেফটেন্যান্ট কর্নেল এ টি এম হায়দারের নেতৃত্বে কতজন গেরিলা নিয়ে প্রথম "ক্র্যাক প্লাটুন" গঠিত হয়?  
উত্তর: ১৭

**প্রশ্ন:** ১৯৭১ সালের ২৯ মার্চ আখতার আহমেদ প্রথম কোথায় "বাংলাদেশ হাসপাতাল" এর যাত্রা শুরু করেন?  
উত্তর: সিমালুপুর

**প্রশ্ন:** ১৯৭১ সালের আল বদর বাহিনীর হাতে শহীদ হওয়া এই বুদ্ধিজীবী ১৯৭২ সালে বাংলা একাডেমী পুরস্কার এবং ২০২০ সালে স্বাধীনতা পুরস্কার পান। রাইফেল রৌটি আওরাত তার লেখা বিখ্যাত উপন্যাস। এখানে কর কথা বলা হচ্ছে?  
উত্তর: আনোয়ার পাশা

**প্রশ্ন:** বিমানবাহিনীর বিখ্যাত ইউনিট "কিলো ফ্লাইট" এর প্রধান সুলতান মাহমুদ পরবর্তীতে কোন উপাধিতে ভূষিত হন?  
উত্তর: বীর উত্তম

**প্রশ্ন:** কার নেতৃত্বে ৪৮ জন নৌ-কমান্ডো মংলা বন্দরে অভিযান করেন?  
উত্তর: সাবমেরিনার আহসানউল্লাহ

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের সময় কোন সেক্টর এর ভেতর সর্বাধিক সংখ্যক সাব-সেক্টর ছিল?  
উত্তর: ৭

**প্রশ্ন:** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য "সংশপ্তক" এর ভাস্কর কে ছিলেন?  
উত্তর: হামিদুজ্জামান খান

**প্রশ্ন:** ৩ নং সেক্টর এর গেরিলারা কোথায় ট্যাঙ্ক বিধ্বংসী মাইনের সাহায্যে একটি রেলগাড়ি বিধ্বস্ত করে? এটি তাদের সবচেয়ে সফল আক্রমণের ছিল।  
উত্তর: শায়েস্তাগঞ্জ

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র "জয়যাত্রা" এর নির্মাতা কে?  
উত্তর: তৌকির আহমেদ

**প্রশ্ন:** কূটনৈতিক দায়িত্ব পালনের জন্য কলকাতার বাংলাদেশ সরকারের মিশন প্রধান কে ছিলেন?  
উত্তর: জনাব হোসেন আলী

**প্রশ্ন:** কোন সেক্টর এর হেডকোয়ার্টার করিমগঞ্জ থেকে নাসিমপুরে স্থানান্তর করা হয়?  
উত্তর: ৪

**প্রশ্ন:** বাংলাদেশ বাহিনীর সদরদপ্তর কোথায় স্থাপিত হয়?  
উত্তর: কলকাতার ৮ নং থিয়েটার রোডে

**প্রশ্ন:** গড়িবপুরের যুদ্ধে ভারতীয় বাহিনীর কমান্ডিং অফিসার কে ছিলেন?  
উত্তর: আর কে সিং

**প্রশ্ন:** ৬ নং সেক্টর এর সেক্টর কমান্ডার কে ছিলেন?  
উত্তর: উইং কমান্ডার এম খাদেমুল বাশার

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধভিত্তিক প্রবন্ধ "আমি বীরঙ্গনা বলছি" এর রচয়িতা কে?

উত্তর: নীলিমা ইব্রাহিম

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধভিত্তিক তথ্যচিত্র "সেই রাতের কথা বলতে এসেছি" এর নির্মাতা কে?

উত্তর: কাওসার চৌধুরী

**প্রশ্ন:** স্বাধীন বাংলাদেশে যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও আহত জনগণের চিকিৎসা সেবার নিমিত্তে কোন বিদেশি ডাক্তার ১৯৭২ সালের জুন মাসে সস্ত্রীক লুধিয়ানা থেকে ঢাকায় চলে আসেন?

উত্তর: রোনাল্ড জোসেফ গাস্ট

**প্রশ্ন:** ১ নং ও ২ নং সেক্টরের বাহিনীর যৌথ অভিযানের ফলে ২১ জুন পর্যন্ত কোন প্রবেশপথ সম্পূর্ণ মুক্ত ছিল?

উত্তর: বেলোনিয়া

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধভিত্তিক কবিতা "মুক্তিযোদ্ধারা দেখতে কেমন" এর রচয়িতা কে?

উত্তর: আহসান হাবীব

**প্রশ্ন:** বহির্বিশ্বে মুক্তিযুদ্ধ নিয়ে প্রথম আলোড়ন তৈরি করা অ্যান্থনি মস্কারানাস এর যুক্তরাজ্যের "সানডে টাইমস" এর প্রতিবেদন করে প্রকাশ হয়?

উত্তর: ১৩ জুন

**প্রশ্ন:** ১৯৭১ সালের ২০ মে খুলনার ডুমুরিয়া তে কোন গণহত্যায় প্রায় ১০,০০০ বাঙালি মৃত্যুবরণ করেন?

উত্তর: চুকনগর

**প্রশ্ন:** বীরশ্রেষ্ঠ দের মধ্যে প্রথম মৃত্যুবরণ করেন কে?

উত্তর: মোস্তফা কামাল

**প্রশ্ন:** কাকন বিবি কে কত সালে "বীর প্রতীক" খেতাব প্রদান করা হয়?

উত্তর: ১৯৯৬

**প্রশ্ন:** ৩০ মার্চের ট্রান্সমিটারের সমস্যা হওয়ার কারণে কালুরঘাট বেতারকেন্দ্র আবার ভারতের ত্রিপুরা থেকে কবে হতে সম্প্রচার করা শুরু করে?

উত্তর: এপ্রিল ৩

**প্রশ্ন:** মন্দভাব, শালদানদী, নির্ভয়পুর এবং রাজনগর কোন সেক্টর এর সাব-সেক্টর ছিল?

উত্তর: ২

**প্রশ্ন:** স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত গান "তীর হারা এই ঢেউয়ের সাগর" এর সুরকার কে?

উত্তর: আপেল মাহমুদ

**প্রশ্ন:** কূটনৈতিক দায়িত্ব পালনের জন্য দিল্লির বাংলাদেশ সরকারের মিশন প্রধান কে ছিলেন?

উত্তর: জনাব হুমায়ুন রশীদ চৌধুরী

**প্রশ্ন:** ১৯৭১ সালের ১৮ জুলাই ঢাকা শহরের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার উদ্দেশ্যে পরিচালিত গেরিলা আক্রমণের নেতৃত্ব দেওয়া এই মুক্তিযোদ্ধা ২০২০ সালে স্বাধীনতা পুরস্কার পান। এই বীর প্রতীক পরবর্তীতে জাতীয় সংসদ এর সদস্য নির্বাচিত হন। এখানে কার কথা বলা হচ্ছে?

উত্তর: গোলাম দস্তগীর গাজী

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধভিত্তিক গল্প "বীরঙ্গনার প্রেম" এর রচয়িতা কে?

উত্তর: বিপ্রদাস বড়ুয়া

**প্রশ্ন: নিম্নের কোন সামরিক কর্মকর্তা কর্নেল আবু তাহেরের সাথে পশ্চিম থেকে পূর্ব পাকিস্তানে পালিয়ে আসেন?**

উত্তর: মেজর মঞ্জুর

**প্রশ্ন: ভজনপুর, পাটগ্রাম, সাহেবগঞ্জ, মোগলহাট এবং চিলাহাটি কোন সেক্টর এর সাব-সেক্টর ছিল?**

উত্তর: ৬

**প্রশ্ন: মতিউর রহমান এর জীবনী এর উপর কোন নির্মাতা "অস্তিত্বে আমার দেশ" চলচ্চিত্রটি নির্মাণ করেন?**

উত্তর: খিজির হায়াত খান

**প্রশ্ন: ৯ নং সেক্টর এর অধীনে কে সুন্দরবন এলাকায় এক বিশাল বাহিনী পরিচালনা করেন?**

উত্তর: লেফটেন্যান্ট জিয়া

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় প্রথম সমগ্র বাংলাদেশকে ৪টি সামরিক অঞ্চলে ভাগ করা চতুর্থ সামরিক অঞ্চলের কমান্ডার কে ছিলেন?**

উত্তর: মেজর আবু ওসমান চৌধুরী

**প্রশ্ন: "কনসার্ট ফর বাংলাদেশ" এ সকালে ও বিকালে ৪টি ছাড়া সব একই গান পরিবেশন করা হয়। নিচের কোনটি শুধুমাত্র বিকালে পরিবেশন করা হয়েছিল?**

উত্তর: Mr. Tambourine Man

**প্রশ্ন: ১ নং সেক্টর কে মুক্তিযুদ্ধের সময় কয়টি সাব-সেক্টর এ ভাগ করা হয়?**

উত্তর: ৫

**প্রশ্ন: পাকিস্তান সেনাবাহিনী ত্যাগ করে মোট কতজন অফিসার মুক্তিবাহিনীতে যোগদান করেন ও যুদ্ধে অংশ গ্রহণ করেন?**

উত্তর: ১৩১

**প্রশ্ন: বীরশ্রেষ্ঠদের মধ্যে সর্বশেষ মৃত্যুবরণ করেন কে?**

উত্তর: মহিউদ্দিন জাহাঙ্গীর

**প্রশ্ন: ধলই এর যুদ্ধে কোন বীরশ্রেষ্ঠ শহীদ হন?**

উত্তর: হামিদুর রহমান

**প্রশ্ন: ভজনপুর, পাটগ্রাম, সাহেবগঞ্জ, মোগলহাট এবং চিলাহাটি সাব-সেক্টর কোন সেক্টর এর অন্তর্ভুক্ত ছিল?**

উত্তর: ৬

**প্রশ্ন: "কনসার্ট ফর বাংলাদেশ" এ ব্যাকগ্রাউন্ড মিউজিকে কে তবলা বাজান?**

উত্তর: আল্লারাখা

**প্রশ্ন: ভারতীয় বিমানবাহিনী কর্তৃক প্রদত্ত কোন বেসামরিক বিমান এ রকেট প্যাড এবং মেশিং গান লাগিয়ে যুদ্ধবিমানে পরিণত করা হয়?**

উত্তর: ওটার

**প্রশ্ন: ঋষিমুখ, শ্রীনগর, তবলছড়ি, ডিমাগিরী এবং মনুঘাট কোন সেক্টর এর সাব-সেক্টর ছিল?**

উত্তর: ১

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রকে কবে "বাংলাদেশ বেতার" নামকরণ করা হয়?**

উত্তর: ৬ ডিসেম্বর



**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের সময় তৎকালীন যোধপুরের কোন মহারাজা তার ব্যক্তিগত ব্যবহারের বিমান টি যুদ্ধে ব্যবহারের জন্য দান করেন?

উত্তর: গজ সিং

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধভিত্তিক তথ্যচিত্র "Nine months to freedom: the story of Bangladesh" এর নির্মাতা কে?

উত্তর: S S Sukhdev

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধভিত্তিক গান "নোঙ্গর তোলা তোলা" এর রচয়িতা কে?

উত্তর: নঈম গহর

**প্রশ্ন:** ঠকরাবারি, অঙ্গিবাদ, মেহেদী পুর, হামজাপুর, মালঞ্চ, তপন, শেখপাড়া এবং লালগোলা কোন সেক্টর এর সাব-সেক্টর ছিল?

উত্তর: ৭

**প্রশ্ন:** বিখ্যাত হিলির যুদ্ধ কত তারিখে শুরু হয়?

উত্তর: ২৩ নভেম্বর

**প্রশ্ন:** মাইনকার চর, মহেন্দ্রগঞ্জ, পুরখাশিয়া, চালু, রংরা, শিববাড়ি, বাগমারা, বাগমারা এবং মহেশখলা কোন সেক্টর এর সাব-সেক্টর ছিল?

উত্তর: ১১

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস "৭১ এর রোজনামা" এর রচয়িতা কে?

উত্তর: আহসান হাবীব

**প্রশ্ন:** মুজিবনগর সরকারের দ্বারা প্রদত্ত ৩০,০০০ রুপিয়া অনুদান দিয়ে আখতার আহমেদ ভারতের কোন রাজ্যে ২০০ বেডের "বাংলাদেশ হাসপাতাল" চালু করেন ২৬ আগস্ট।

উত্তর: ত্রিপুরা

**প্রশ্ন:** পাকিস্তানি বাহিনীর নির্মম হত্যাকাণ্ড, নির্যাতন, নারী ধর্ষণ এবং প্রতিবাদে বাঙালিদের মুক্তি সংগ্রামকে কেন্দ্র করে ১৯৭২ সালের ৮ নভেম্বর মুক্তি পায় সুভাষ দত্তের পরিচালনায় মুক্তিযুদ্ধের কোন পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র?

উত্তর: অরুণোদয়ের অগ্নিসাক্ষী

**প্রশ্ন:** কূটনৈতিক দায়িত্ব পালনের জন্য যুক্তরাজ্যের বাংলাদেশ প্রবাসী সরকারের মিশন প্রধান কে ছিলেন?

উত্তর: বিচারপতি আবু সাঈদ চৌধুরী

**প্রশ্ন:** ঢাকা শহর দখলের উদ্দেশ্যে কোন অপারেশন এ ভারতীয় বাহিনী আশুগঞ্জ ও মেঘনা নদী পার করে ভারতীয় আর্মি এবং মুক্তিবাহিনীকে এয়ার ড্রপ করে?

উত্তর: অপারেশন ক্যাকটাস লিলি

**প্রশ্ন:** বিমানবাহিনী গঠনের জন্য ভারতীয় বিমানবাহিনী কর্তৃক প্রদত্ত হেলিকপ্টার টি কি মডেলের ছিল?

উত্তর: অ্যালায়েট-৩

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধে অসম সাহসিকতার জন্য আদিবাসী/উপজাতী মুক্তিযোদ্ধা ইউ. কে. চিং মারমা কে কোন উপাধিতে ভূষিত করা হয় ?

উত্তর: বীর বিক্রম

**প্রশ্ন:** ১নং সেক্টর এর সদর দপ্তর কোথায় অবস্থিত ছিল?

উত্তর: হরিণা

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধভিত্তিক নাটক "বর্ণচোর" এর রচয়িতা কে?

উত্তর: মমতাজউদ্দিন আহমেদ

**প্রশ্ন:** ঢাকা, হিঙ্গলগঞ্জ এবং শমশেরনগর কোন সেক্টর এর সাব-সেক্টর ছিল?

উত্তর: ৯

**প্রশ্ন:** মুজিবনগর সরকারের "প্রতিরক্ষা সচিব" পদের দায়িত্ব হয় কাকে?

উত্তর: এস এ সামাদ

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের বিমানবাহিনী গঠনে ভারতের প্রথমদিকের বিরোধিতার পর মত পরিবর্তনে গুরুত্বপূর্ণ অবদান রাখেন তৎকালীন ভারতীয় বিমান বাহিনী প্রধানের বাঙালি স্ত্রী। তার নাম কি?

উত্তর: ইলা লাল

**প্রশ্ন:** কোন গণহত্যা প্রধানত নর্থ বেঙ্গল সুগার মিল এর কর্মচারীদের হত্যা করা হয়?

উত্তর: গোপালপুর

**প্রশ্ন:** স্বাধীন বাংলা বেতার কেন্দ্রকে কবে "বাংলাদেশ বেতার" নামকরণ করা হয়?

উত্তর: ৬ ডিসেম্বর

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের সময় সেক্টর ১ হতে কয়টি গেরিলা গ্রুপকে দেশের অভ্যন্তরে পাঠানো হয়?

উত্তর: ১৩৭

**প্রশ্ন:** "অস্তিত্বে আমার দেশ" চলচ্চিত্র কোন বীরশ্রেষ্ঠের জীবনের উপর নির্মিত?

উত্তর: মতিউর রহমান

**প্রশ্ন:** রাধানগর অপারেশনের কার নেতৃত্বে মুক্তিযোদ্ধারা পাকবাহিনীকে পরাজিত করে? তিনি এই যুদ্ধে আহত হন।

উত্তর: শাফায়েত জামিল

**প্রশ্ন:** "কনসার্ট ফর বাংলাদেশ" এ ব্যাকগ্রাউন্ড মিউজিকে কে তানপুরা বাজান?

উত্তর: কমলা চক্রবর্তী

**প্রশ্ন:** ১৯৭১ সালের ৯ নভেম্বর প্রথম নৌবহর 'বঙ্গবন্ধু নৌবহর' উদ্বোধন করা হয়। এতে মাত্র কয়টি নৌযান অন্তর্ভুক্ত ছিল?

উত্তর: ৬

**প্রশ্ন:** নিম্নের কোন সামরিক কর্মকর্তা প্রথম বিভক্ত ৪টি সামরিক অঞ্চলের কোনোটির কমান্ডার ছিলেন না?

উত্তর: মেজর এম এ জলিল

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের সময় "বাংলাদেশ হাসপাতাল" গড়ে তোলার জন্য আখতার আহমেদকে কোন পদকে ভূষিত করা হয়?

উত্তর: বীর প্রতীক

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের সময় বিমানবাহিনীর বিখ্যাত ইউনিট "কিলো ফ্লাইট" এর প্রধান করা হয় কাকে?

উত্তর: স্কোয়াড্রন লিডার সুলতান মাহমুদ

**প্রশ্ন:** স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত অনুষ্ঠান "জল্লাদের দরবার" এ ইয়াহিয়া খান এর অভিনয় করেন কে?

উত্তর: রাজু আহমেদ

**প্রশ্ন:** ঢাকার তেজগাঁওয়ের বিমানঘাঁটি কোন সেক্টর কমান্ডার এর নামে রাখা হয়? তিনি রংপুর দিনাজপুর নিয়ে গঠিত সেক্টর এর কমান্ডার ছিলেন।

উত্তর: খাদেমুল বাশার

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র "আবার তোরা মানুষ হ" এর নির্মাতা কে?

উত্তর: খান আতাউর রহমান

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধের সময় প্রথম সমগ্র বাংলাদেশকে ৪টি সামরিক অঞ্চলে ভাগ করা তৃতীয় সামরিক অঞ্চল কোনটি ছিল?

উত্তর: বৃহত্তর সিলেট ও ময়মনসিংহ জেলা

**প্রশ্ন:** মুজিবনগর সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে প্রথম পুলিশের আই জি এর দায়িত্ব দেওয়া হয় কাকে?

উত্তর: আবদুল খালেক

**প্রশ্ন:** নিম্নের কোন সেক্টর প্রধান সেনাপতির নিয়ন্ত্রণে ছিল?

উত্তর: ১০

**প্রশ্ন:** মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র "ধীরে বহে মেঘনা" এর নির্মাতা কে?

উত্তর: আলমগীর কবির

**প্রশ্ন:** ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের স্থায়িত্ব কতক্ষণ ছিল ?

উত্তর: প্রায় ১৮ মিনিট

**প্রশ্ন:** ভারতীয় বাহিনীর সহায়তায় ২৮ অক্টোবর হতে ৩ নভেম্বর পাকিস্তান বর্ডার আউট পোস্ট এ কোন যুদ্ধ সংঘটিত হয়?

উত্তর: ধলই এর যুদ্ধ